ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৫১
আগরতলা, ৬ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ৫ এপ্রিল, ২০২৫ তারিখ স্যন্দন পত্রিকায় 'কৈলাসহরে মনু নদীর বাঁধ সংস্কার না করায় আতঙ্কে মানুষ' শিরোনামে প্রকাশিত সংবাদটি পূর্ত দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার এক স্পস্টিকরণে জানিয়েছেন যে, ক্রীড়া ও শ্রম মন্ত্রীর নির্দেশ অনুসারে মহকুমার আধিকারিকগণ এবং বীরচন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান সহ স্থানীয় এলাকার বাসিন্দাদের সাথে ডালুগাঁও বরইতলী বাঁধ পরিদর্শন করা হয় এবং সেই অনুযায়ী মনু নদীর বাঁধ সংস্কারের জন্য প্রায় ৮ কোটি টাকার এস্টিমেট তৈরি করা হয় প্রশাসনিক অনুমোদন এবং ব্যয় অনুমোদনের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছে এটি পাঠানো হয়েছে। এখন আশা করা যাচ্ছে যে উক্ত কাজের জন্য অর্থাৎ বাঁধের উচ্চতা বৃদ্ধি ও মজবুতকরণের জন্য শীঘ্রই দরপত্র আহ্বান করা হবে।

******